Bangladesh Investment Development Authority
BIDA

বিনিয়োগ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
বিনিয়োগ ভবন
প্লট নং: ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা -১২০৭
www.bida.gov.bd

স্মারক নং-০৩.০৮.২৬৮০.২৪৫.১১.৬২৫.২৩- ৯৭৩

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩১
২৭ ফেব্রুয়ারি ২০২৫

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

গত ১৯ মে ২০২৪ তারিখে পত্রিকায় প্রকাশিত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর ১২ মে ২০২৪ তারিখের ০৩.০৮.২৬৮০.২৪৫.১১.৬২৫.২৩-২৯২ নম্বর স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধনপূর্বক বিডা'র সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত পদের পাশে বর্ণিত শর্তে যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইন-এ (http://bida.teletalk.com.bd) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রম	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়সসীমা	শূন্য পদের সংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সিস্টেম এনালিস্ট টা: ৪৩০০০-৬৯৮৫০/- (গ্রেড-৫)	অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর	১ (এক)	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (২) কোনো সরকারি/ স্বায়ত্তশাসিত/ আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/ কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসেবে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকরি; (৩) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
২.	প্রোগ্রামার টা: ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)	অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর	১ (এক)	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; (২) কোনো সরকারি/ স্বায়ত্তশাসিত/ আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসেবে অন্যূন ০৪(চার) বৎসরের চাকরি।
৩.	সহকারী পরিচালক টা: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	**১৬ (ষোল)**	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; (২) MS Office পরিচালনায় দক্ষতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
৪.	হিসাবরক্ষণ কর্মকর্তা টা: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	১ (এক)	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যের কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি;

				(২) MS Office পরিচালনায় দক্ষতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
৫.	জনসংযোগ কর্মকর্তা টা: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	১ (এক)	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পাবলিক রিলেশনস, গণযোগাযোগ ও সাংবাদিকতা, আন্তর্জাতিক সম্পর্ক বা ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; (২) MS Office পরিচালনায় দক্ষতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
৬.	সহকারী প্রোগ্রামার টা: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	১ (এক)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।
৭.	ফোরম্যান (অটোমোবাইল) টা: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	১ (এক)	(১) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি; (২) MS Office পরিচালনায় দক্ষতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
৮.	মেইনটেনেন্স সহকারী টা: ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	১ (এক)	(১) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিপ্লোমা ডিগ্রি; (২) কম্পিউটার হার্ডওয়ার ও সফট্ওয়ার পরিচালনায় দক্ষতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
৯.	লাইব্রেরিয়ান টা: ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	১ (এক)	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; (২) MS Office পরিচালনায় দক্ষতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
১০.	অডিটর টা: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	২ **(দুই)**	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; (২) MS Office পরিচালনায় দক্ষতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
১১.	বিনিয়োগ সহকারী টা: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	**২৪ (চব্বিশ)**	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; (২) MS Office পরিচালনায় দক্ষতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
১২.	অভ্যর্থনাকারী টা: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	**অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর**	১ (এক)	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; (২) MS Office পরিচালনায় দক্ষতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
১৩.	ফটোগ্রাফার টা: ৯৩০০-২২৪৯০/-	**অনূর্ধ্ব**	১ (এক)	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি-তে স্নাতক ডিগ্রি;

	(গ্রেড-১৬)	৩২ (বত্রিশ) বছর		(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ক্যামেরা পরিচালনা এবং ফটোগ্রাফিতে সনদসহ কর্ম অভিজ্ঞতা; এবং (৩) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
১৪.	লাইব্রেরী সহকারী টা: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর	১ (এক)	(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি-তে স্নাতক ডিগ্রি; (২) MS Office পরিচালনায় দক্ষতা; (৩) ইংরেজিতে পারদর্শিতা; এবং (৪) শিক্ষা জীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়।
১৫.	অফিস সহায়ক টা: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর	৫৫ (পঞ্চান্ন)	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলি:

১। বিগত ১৯ মে ২০২৪ তারিখে 'দৈনিক কালের কণ্ঠ', 'দৈনিক সমকাল' ও 'দৈনিক ইত্তেফাক' এবং 'The Financial Express' পত্রিকায় প্রকাশিত বিডা'র ১২ মে ২০২৪ তারিখের ০৩.০৮.২৬৮০.২৪৫.১১.৬২৫.২৩-২৯২ নম্বর স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি অনুসরণ করে উক্ত পদসমূহে যে সকল প্রার্থী ইতোমধ্যে আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে উক্ত পদসমূহে আবেদনকারীগণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নং স্মারকের কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত প্রজ্ঞাপনের আলোকে কোটায় আবেদনে ইচ্ছুক হলে তাঁদেরকে ০৪ মার্চ ২০২৫ তারিখ সকাল ১০.০০ টা হতে ০৩ এপ্রিল ২০২৫ তারিখ বিকাল ০৫.০০ টার মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বরাবর কোটায় আবেদন দাখিলের আবেদনপত্র বন্ধ খামে সরাসরি/ডাকযোগে নির্বাহী চেয়ারম্যান-এর দপ্তরে [লেভেল-২, বিনিয়োগ ভবন, প্লট নং: ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা -১২০৭] প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। খামের উপরে "গত ১৯ মে ২০২৪ তারিখে পত্রিকায় প্রকাশিত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ১২ মে ২০২৪ তারিখের ০৩.০৮.২৬৮০.২৪৫.১১.৬২৫.২৩-২৯২ নম্বর স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি অনুসরণ করে কোটায় আবেদন" বাক্যটি স্পষ্টভাবে লেখা থাকতে হবে। নির্ধারিত সময়ের আগে বা পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না। বন্ধ খামের ভিতরে আবশ্যিকভাবে টেলিটক বাংলাদেশ লিমিটেডের অনলাইন (http://bida.teletalk.com.bd) পোর্টাল হতে ডাউনলোডকৃত Applicant's Copy-এর ১টি রঙিন প্রিন্টকৃত কপি এবং কোটার সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র থাকতে হবে। অন্যথায় কোটায় আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক নন এরূপ ব্যক্তিকে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

৩। **প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।**

৪। **০১ মার্চ ২০২৫** তারিখে আবেদনকারীর বয়সসীমা ১নং ক্রমিকে উল্লিখিত পদের ক্ষেত্রে ১৮(আঠারো) থেকে ৪০(চল্লিশ) বছর, ২নং ক্রমিকে উল্লিখিত পদের ক্ষেত্রে ১৮(আঠারো) থেকে ৩৫(পঁয়ত্রিশ) বছর ও ৩ থেকে ১৫নং ক্রমিকে উল্লিখিত পদের ক্ষেত্রে **১৮(আঠারো) থেকে ৩২(বত্রিশ) বছর হতে হবে।** এস.এস.সি/ সমমান পরীক্ষার সনদপত্রের ভিত্তিতে বয়স যাচাই করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন/ আদেশ/ বিজ্ঞপ্তি/ নীতিমালা/ পরিপত্র/ বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। **বর্তমান সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে অনলাইন-এ পূরণকৃত আবেদনে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটা প্রার্থিতার দাবি গ্রহণযোগ্য হবে না।**

৬। দৃষ্টি প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে। **প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ, তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি এবং প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।**

৭। প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাঁদের আবেদনের ভিত্তিতে এ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১ জুলাই ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭০.২২.০০৬.২২-১৫৩ নং স্মারকের প্রজ্ঞাপন বা যথাযথ কর্তৃপক্ষের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী শ্রুতিলেখক নিয়োগ করা হবে। যে সকল প্রতিবন্ধী প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন হবে তাঁদেরকে আবশ্যিকভাবে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ-এর সরাসরি নিয়োগ প্রদানের লক্ষ্যে গঠিত বাছাই কমিটি'র সভাপতি বরাবরে প্রবেশপত্র (Admit Card) ইস্যুর তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে অফিস চলাকালীন সময়ে শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র,

ছবি এবং প্রতিবন্ধী পরিচয়পত্রের কপিসহ শ্রুতিলেখক প্রাপ্তির আবেদন বন্ধ খামে সরাসরি/ডাকযোগে সচিব, বিডা-এর দপ্তরে [লেভেল-২, বিনিয়োগ ভবন, প্লট নং: ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা -১২০৭] প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। খামের উপরে "বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত শ্রুতিলেখক প্রাপ্তির আবেদন" বাক্যটি স্পষ্টভাবে লেখা থাকতে হবে। নির্ধারিত সময়ের আগে বা পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না।

৮। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। **সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না এবং প্রার্থীতা বাতিল হবে।**

৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সুপারিশ প্রদানের তারিখ হতে ০১(এক) বছর পর্যন্ত অথবা সরকার কর্তৃক নির্ধারিত সময় পর্যন্ত অপেক্ষমান তালিকা সংরক্ষণ করা হবে।

১০। এ নিয়োগের মাধ্যমে চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কার্যালয়ে পদায়ন করা হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি/সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করতে বাধ্য থাকবে না। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করা হতে পারে।

১৩। প্রার্থীকে লিখিত/ মৌখিক/ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। প্রার্থীদের যোগ্যতা যাচাই:

নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

ক. অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Application Form) ও প্রবেশপত্র (Admit Card);

খ. আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

গ. আবেদনকারী যে ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন/ ক্যান্টনমেন্ট বোর্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান **বা প্রশাসক**/ পৌরসভার মেয়র **বা প্রশাসক**/ সিটি কর্পোরেশন এর **ওয়ার্ড কাউন্সিলর বা প্রশাসক/ ক্যান্টনমেন্ট বোর্ডের ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার** কর্তৃক প্রদত্ত (i)নাগরিকত্ব ও (ii) চারিত্রিক সনদপত্র;

ঘ. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ;

ঙ. শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা ও প্রশিক্ষণের সনদপত্র;

চ. মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে নিম্নের যে কোন একটি সনদ গ্রহণযোগ্য বিবেচিত হবে:

(i) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ;

অথবা

(ii) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

ছ. কর্মরত আবেদনকারীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ/ছাড়পত্র; এবং

১৫। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bida.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদন ফরম পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **০৪ মার্চ ২০২৫ খ্রি.** সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: **০৩ এপ্রিল ২০২৫ খ্রি.** বিকাল ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন ।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (সর্বোচ্চ ৬মাস পূর্বের) (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সুতরাং Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতার বিষয়ে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন ।

ঘ. পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন । যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বর ব্যবহার করে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১ থেকে ৬নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি ২০০/-(দুইশত) টাকা+Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ২৩/-(তেইশ) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা, ৭নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি ২০০/-(দুইশত) টাকা+Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ২৩/-(তেইশ) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা, ৮ থেকে ৯ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা+Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ১৮/-(আঠারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১৬৮/-(একশত আটষট্টি) টাকা, ১০ থেকে ১৪নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি ১০০/-(একশত) টাকা+Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ১২/-(বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/-(একশত বারো) টাকা, ১৫ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি ৫০/-(পঞ্চাশ) টাকা+Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/-(ছাপান্ন) টাকা আবেদনের অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

[SMS পাঠানোর পূর্বে টেলিটক নম্বরটির Balace চেক করে নিন]

প্রথম **SMS: BIDA**<space>**User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: BIDA ABCDEF

Reply: Applicant's Name, Tk. 223 or 168 or 112 or 56 will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX. To pay fee Type BIDA<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **BIDA**<space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **BIDA Yes XXXXXXXXXX**

Reply: Congratulations, Applicant's Name, payment completed successfully for BIDA Application for xXXXXXXXXX. User ID is (ABCDEF) and Password is (XXXXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bida.teletalk.com.bd অথবা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর ওয়েবসাইটে (https://bida.gov.bd) এবং প্রার্থীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নং, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোডপূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন প্রিন্ট) নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
BIDA<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222 নম্বরে।
Example: BIDA Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে:
BIDA<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222 নম্বরে।
Example: BIDA Help PIN 12345678 & send to 16222

ঝ. নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর ওয়েবসাইটে (https://bida.gov.bd) ও ফেইসবুক পেইজ (https://www.facebook.com/bida.pmo.bangladesh) এ পাওয়া যাবে এবং http://bida.teletalk.com.bd অথবা **QR code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

ঞ. বর্ণিত নিয়োগ পরীক্ষার বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণ ও SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলি, নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন/সংযোজন (যদি থাকে) এবং পদভিত্তিক নিয়োগ পরীক্ষার সময়সূচি ও আসনবণ্টনসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি বিডা'র ওয়েবসাইটে (www.bida.gov.bd) এবং ফেইসবুক পেইজ (https://www.facebook.com/bida.pmo.bangladesh) এ পাওয়া যাবে।

ট. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা http://alljobs.query@teletalk.com.bd মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেইজ http://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (মেইল/মেসেজ এর subject এ organization Name: BIDA, Post Name: ***, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ. ডিক্লারেশন: প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগ পরবর্তী যে কোনো পর্যায়ে প্রার্থীতা/নিয়োগ বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৬। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর টেলিটক পোর্টালের QR Code

(মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়)
পরিচালক (উপসচিব)
ফাইন্যান্স, বাজেট এন্ড অডিট
ও
সদস্য-সচিব
বিডা'য় সরাসরি নিয়োগ প্রদানের লক্ষ্যে গঠিত বাছাই কমিটি
ফোন: ৪৪৮২৬৭৯০
ইমেইল: dir.fba@bida.gov.bd